

সম্পাদক
শাহাদত চৌধুরী

নির্বাহী সম্পাদক
গোলাম মোর্তোজা

প্রতিবেদক
জয়ন্ত আচার্য
সাইফুল হাসান, বদরুদ্দোজা বাবু
সহযোগী প্রতিবেদক
বদরুল আলম নাবিল
আসাদুর রহমান, রুহুল তাপস

কটুন
রফিকুন নবী

প্রধান আলোকচিত্রী
তুহিন হোসেন
আলোকচিত্রী
আনোয়ার মজুমদার
নিয়মিত লেখক
আসজাদুল কিবরিয়া, জুটন চৌধুরী
ফাহিম হুসাইন, হাসান মূর্তাজা
নোমান মোহাম্মদ, জব্বার হোসেন


চট্টগ্রাম প্রতিনিধি
সুমি খান
যশোর প্রতিনিধি
মামুন রহমান
সিলেট প্রতিনিধি
নিজামুল হক বিপুল
কানাড়া প্রতিনিধি
জসিম মল্লিক
হলিউড প্রতিনিধি
মুনাওয়ার হুসাইন পিয়াল
নিউইয়র্ক প্রতিনিধি
আকবর হায়দার কিরণ
ওয়াশিংটন প্রতিনিধি
নাসিম আহমেদ
যুক্তরাজ্য প্রতিনিধি
শাহরিয়ার ইকবাল রাজ

কম্পিউটার গ্রাফিক্স প্রধান
নূরুল কবীর
শিল্প নির্দেশক
কনক আদিত্য
প্রদায়ক আলোকচিত্রী
এ এল অপূর্ব
জেনারেল ম্যানেজার
শামসুল আলম

যোগাযোগ
৯৬-৯৭ নিউ ইফ্রাটন, ঢাকা-১০০০
পিএবিএক্স : ৯৩৫০৯৫১ - ৩
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪
চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দণ্ড
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০
ই-মেইল : s2000@dbn-bd.net
info@shaptahik2000.com

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর
পক্ষে মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত
ও ট্রান্সক্রাফট লিঃ, ২২৯ তেজগাঁও
শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।



বিশ্ব মিডিয়ায় এখন আলোচনার ঝড় একজন বাঙালি রমণী ফারিয়া আলমকে নিয়ে। তাকে নিয়েই আমাদের বন্যাপীড়িত দরিদ্র দেশটির কথা এখন মিডিয়ায় বার বার আলোচিত হচ্ছে। ব্রিটিশ ফুটবল কোচ এরিকসনের সঙ্গে তার মানসিক ও দৈহিক সম্পর্ককে কেন্দ্র করে ফারিয়া হয়ে উঠেছেন আলোচনার মূল কেন্দ্রবিন্দু। বাঙালি নারীর সহজাত বৈশিষ্ট্য ভেঙে তার ক্রমেই ওপরের সিঁড়িতে উঠে আসার সংগ্রাম আমাদের বিস্মিত করেছে। এ কারণে তিনি এ দেশের মানুষের কাছে বিস্ময়ের রমণী হয়ে উঠেছেন।

বর্তমান বিশ্বের অন্যতম সেরা কোচ এরিকসনের প্রেমিকা, শয্যাসঙ্গী হবার উপযুক্ত হয়ে উঠতে ফারিয়া আলমকে পার হতে হয়েছে ব্রিটেনের ভিন্ন এক সংস্কৃতিতে কন্টকাকীর্ণ পথ। ফারিয়ার জন্ম '৬৬ সালে ঢাকায়। মুক্তিযুদ্ধের সময় সপরিবারে তারা ইংল্যান্ডে চলে যায়। ব্রিটেনের নামী স্কুলে পড়ালেখা শেষ করার পর তার পরিবার চায় তাকে নিজস্ব সংস্কৃতির মধ্যে আটকে ফেলতে। দেশে এনে বিয়ে দিয়ে ঘর-সংসার করতে। ফারিয়া প্রচলিত এ রুগ্ণ নিয়ম মেনে নেননি। তিনি ব্রিটেনে ফিরে গেছেন। সেখানে নিজেকে তুলে ধরার সর্বাঙ্গিক চেষ্টা করেছেন, কম্পিউটারের ওপর পড়ালেখা করেছেন। তিনি হয়েছেন ইংল্যান্ডের সবচেয়ে বড় প্রাচ্য পোশাকের প্রতিষ্ঠান জস গ্রাহামের মডেল। জিটিভির সুপার মডেল প্রতিযোগিতায় শীর্ষ যাচাইয়ে স্থান করে নিয়েছেন। তার যোগ্যতাই তাকে ইংল্যান্ড ফুটবলের প্রধান সংস্থা এফএ'র নির্বাহী পরিচালক ডেভিসের ব্যক্তিগত সহকারীর চাকরিটি পেতে সহায়ক হয়েছে। উচ্চাভিলাষী ফারিয়া আরো ওপরে উঠতে চেয়েছেন। এ পর্যায়ে কোচ এরিকসন ও শীর্ষ কর্মকর্তা প্যালিওসের সঙ্গী হয়ে উঠেছেন। গেছেন শয্যায়। পশ্চিমা মিডিয়ায় তার উত্থান, যৌনতার কাহিনী নিয়ে তোলপাড় শুরু হয়েছে। 'নিউজ অব দ্য ওয়ার্ল্ড' ও 'মেইল অন সানডে' পত্রিকায় এরিকসন ও প্যালিওসের সঙ্গে প্রেমকাহিনী বলার জন্য তিনি পাচ্ছেন সাড়ে ৫ লাখ পাউন্ড। এ দেশের মুদ্রায় ৬ কোটি টাকা। এখানে তিনি অকপটে স্বীকার করেছেন, তাদের সঙ্গে 'লাভ মেক' করেছেন মনের টানে, শরীরের টানে সাড়া দিয়ে।

চারদিকে শুধু দুঃসংবাদ। মৌলবাদীদের হাতে আহত বাংলা সাহিত্যের অন্যতম দিকপাল হুমায়ূন আজাদ জার্মানিতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। প্রতিদিন দেশে ছড়িয়ে পড়ছে বোমা আতঙ্ক। পত্রিকায় লাশের ছবি। বন্যার্ত নিরন্ন মানুষের ঘরে ফিরে যাওয়া। এমন এক সময় ব্রিটেনে বাঙালি রমণী ফারিয়ার সফলতা, প্রেমকাহিনী আমাদের দৃষ্টি ফিরিয়েছে। তিনি আমাদের ভালো লাগার সঙ্গী হয়েছেন।

